গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০২.০৫.২০২৪ খ্রি.

# প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষা-২০২১ এর ফরম পূরণ এর সংশোধিত বিজ্ঞপ্তি

২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমাদান কার্যক্রম সংযুক্ত সময়সূচি ও নিয়ম অনুসারে অনুষ্ঠিত হবে।

## পরীক্ষায় অংশগ্রহণেরযোগ্যতা :

ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২১ সালের অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রে/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে 'F' গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২১ সালের সে সকল পত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেব অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল পরীক্ষার্থী 'C' গ্রেড 'D' গ্রেড প্রাপ্ত কোর্সের গ্রেড উন্নয়নের লক্ষ্যে সর্বোচ্ছ ০২ (দুই) টি পত্রে অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ২০২১ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ থাকবে না।

ঙ) ২০২০ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল পরীক্ষার্থী CGPA 2.50 এর নীচেপেয়েছে এবং যে সকল পত্রে/কোর্সে 'C' এবং 'D' গ্রেড প্রাপ্ত হয়েছে সে সকল পত্রের/কোর্সের সর্বোচ্ছ ০২ (দুই) টি পত্রে/কোর্সে অংশ নিয়ে গ্রেড এবং CGPA উন্নয়নে অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ২০২১ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ থাকবে না।

**পাঠ্যসূচি:** ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস অনুযায়ী ২০২১ সালের এম.এ/এম.এস.এস/এম.বি.এস/এম.এসসি/এম.মিউজিক প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**শুধুমাত্র ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে 'F' গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি (একা বা একাধিক কোর্সের জন্য 'F' গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবেন। রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।**

উল্লেখ্য, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোন অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

## আবেদন ফরম পূরণের নিয়মাবলী:

১। আবেদনকারীকে নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইটে (nubd.info/mp) প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নিদের্শনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে আবেদন ফরম এর একটি কপি প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত ফরমটিতে পরীক্ষার বিষয়কোড এবং বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি উল্লেখ থাকবে।

২। প্রিন্টকৃত ফরমের শিক্ষার্থীর নির্ধারিত অংশে পরীক্ষার্থীকে স্বাক্ষর করতে হবে এবং পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি সংযুক্ত করতে হবে।

৩। উক্ত প্রিন্ট কপি নিয়ে নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীরা অনলাইন ডাউনলোড ফরমের উল্লিখিত টাকা ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কলেজের অন্যান্য ফি **"ই-শিক্ষার"** মাধ্যমে জমা দিয়ে টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে।

## ফরম পূরণ ফি প্রদানের পদ্ধতি

কলেজের ফরম পূরণের ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com ওয়েব এড্রেসে প্রবেশ করে** প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। ফরম পূরণ ফি বিকাশ/নগদ এ প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে এবং শিক্ষার্থীরা বিকাশ/নগদ এ প্রদানকৃত ফির রশিদ সংগ্রহ করে অন্যান্য কাগজপত্রের সাথে রশিদ বিভাগে জমা দিতে হবে।

## ২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার নিয়মিত পরীক্ষার্থীদের প্রদেয় ফি:

| কোর্স | বিষয় | জা:বি: পরীক্ষার ফি | কেন্দ্র ফি | ইনকোর্স ফি | প্রস্তুতিমূলক পরীক্ষার ফি | মৌখিক ফি | ব্যবস্থাপনা ফি | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| এম.এ/এম.এস.এস (নিয়মিত) | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামি শিক্ষা, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি (এম এ/এম.এস.এস নিয়মিত) সকলপত্র | ২৮৫০/- | ৪৫০/- | - | ৩২০/- | ১২০/- | ৫০/- | ৩৭৯০/- |
| এম.এ/এম.এস.এস/এম.বি.এস (প্রাইভেট) | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামি শিক্ষা, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি (প্রাইভেট পরীক্ষার্থী) | ২৮৫০/- | ৪৫০/- | - | - | ১২০/- | ৫০/- | ৩৪৭০/- |

| কোর্স | বিষয় | জা:বি: পরীক্ষার ফি | কেন্দ্র ফি | ইনকোর্স ফি | ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | প্রস্তুতিমূলক পরীক্ষার ফি | মৌখিক ফি | ব্যবস্থাপনা ফি | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| এম.এসসি (নিয়মিত) | পদার্থবিদ্যা | ২৮৫০/- | ৪৫০/- | - | ২৮০/- | ২৮০/- | ১২০/- | ৫০/- | ৪০৩০/- |
| | রসায়ন | ২৮৫০/- | ৪৫০/- | - | ৪৩০/- | ২৮০/- | ১২০/- | ৫০/- | ৪১৮০/- |
| | উদ্ভিদবিদ্যা | ২৮৫০/- | ৪৫০/- | - | ২৮০/- | ২৮০/- | ১২০/- | ৫০/- | ৪০৩০/- |
| | প্রাণিবিদ্যা | ২৮৫০/- | ৪৫০/- | - | ২৮০ | ২৮০/- | ১২০/- | ৫০/- | ৪০৩০/- |
| | গণিত | ২৮৫০/- | ৪৫০/- | - | ২০৫/- | ২৮০/- | ১২০/- | ৫০/- | ৩৯৫৫/- |

## ২০২১ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার অনিয়মিত ও মানোন্নয়/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের প্রদেয় ফি:

| | | |
|---|---|---|
| এক পত্র | ৫৫০+৪৫০+৫০ | ১০৫০/- |
| ভাইভাসহ | ৫৫০+৪৫০+৫০+২৫০ | ১৩০০/- |
| দুই পত্র | ৮০০+৪৫০+৫০ | ১৩০০/- |
| ভাইভাসহ | ৮০০+৪৫০+৫০+২৫০ | ১৫৫০/- |
| তিন পত্র | ১০৫০+৪৫০+৫০ | ১৫৫০/- |
| ভাইভাসহ | ১০৫০+৪৫০+৫০+২৫০ | ১৮০০/- |
| চার পত্র | ১৩০০+৪৫০+৫০ | ১৮০০/- |
| ভাইভাসহ | ১৩০০+৪৫০+৫০+২৫০ | ২০৫০/- |
| পাঁচ পত্র | ১৫৫০+৪৫০+৫০ | ২০৫০/- |
| ভাইভাসহ | ১৫৫০+৪৫০+৫০+২৫০ | ২৩০০/- |
| শুধুমাত্র ভাইভা, টার্ম পেপার, ব্যবহারিক | | ১১০০/- |

অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফর্মে উল্লিখিত টাকার সাথে যুক্ত হবে কেন্দ্র ফি ৪৫০/- ব্যবস্থাপনা ফি ৫০/- ও মৌখিক ফি-১২০/-

যারা পূর্বে ফরম পূরণ করেছে কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদের ফি ২৫৫০+৬২০=৩১৭০/-

## পূরণকৃত ফরম কলেজে জমাদানের সময়সূচি:

**(শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত)**

| মাস্টার্স বিষয় | ফি পরিশোধ ও প্রিন্টকৃত ফরম কলেজে জমাদানের তারিখ | প্রিন্টকৃত ফরম জমাদানের স্থান |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও গণিত (নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থী) | ০৫.০৫.২০২৪ হতে ১৬.০৫.২০২৪ | নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থী নিজ নিজ বিভাগে |

02/5/2024

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট